

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তির ২য় পর্যায়ে  
প্রাথমিক আবেদন ও অনলাইনে পে-স্লিপ জমাদানের বিজ্ঞপ্তি**

[২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য যে সকল আবেদনকারী প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়নি তাদের জন্য ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদনের সুযোগ দেয়া হলো। উল্লেখ্য যে, ২০২০ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ভর্তির শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন করতে পারবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে ৩টি কলেজে বিষয় নির্ধারণ করে আবেদন করতে হবে।]

**১। মাস্টার্স শেষপর্ব বিষয়সমূহ (কলেজ কোড-0322):**

- (ক) এমএ : Bangla, English, History, Islamic Studies, Islamic History & Culture, Philosophy  
(খ) এমএসএস : Political Science, Sociology, Economics, Social Work  
(গ) এমবিএ : Accounting, Management, Marketing, Finance  
(ঘ) এম এসসি : Physics, Chemistry, Mathematics, Botany, Zoology, Geography, Statistics, Psychology

২। Online এ আবেদন ফরম পাওয়া যাবে: [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) ওয়েব সাইটে ১৩.০২.২০২৪ হতে ২০.০২.২০২৪ খ্রি. পর্যন্ত।

৩। Sonali esheba-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা: ১৫.০২.২০২৪ হতে ২২.০২.২০২৪ খ্রি. (ব্যাংক সময় বিকাল ৪টা পর্যন্ত)।

৪। Online এ পূরণকৃত প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি এবং টাকা পরিশোধের পে-স্লিপ কলেজে জমাদানের তারিখ: ১৫.০২.২০২৪ হতে ২২.০২.২০২৪ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)।

৫। প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/= টাকা 'সোনালী ই-সেবা' অ্যাপসের মাধ্যমে জমা দিতে হবে। [www.sbl.com.bd](http://www.sbl.com.bd) এই লিংকের মাধ্যমে Sonali eSheba এর মাধ্যমে জমা দিতে হবে।

**৬। ভর্তির আবেদন ফরম পূরণের যোগ্যতা :**

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে উত্তীর্ণ ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তি কার্যক্রমের জন্য আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদি স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদি প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- (গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোনো প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এজন্য আবেদনকারী শিক্ষার্থীকে ভর্তির ফরম উত্তোলনের সময়ই অঙ্গীকার নামা অনলাইনে পূরণ করতে হবে।
- (ঘ) একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করেন।
- (ঙ) মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের সন্তান, আদিবাসি/ দৃষ্টি প্রতিবন্ধী কোটায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশিকা অনুযায়ী ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (চ) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে প্রতিষ্ঠান/কলেজের নাম পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে From Cancel Option এ গিয়ে Cancel করতে পারবে। শিক্ষার্থী ফরম বাতিলের সুযোগটি মাত্র একবারই পাবে।
- (ছ) ভর্তির জন্য অনলাইন ফরমে কোন প্রকার মিথ্যা/ভুল তথ্য প্রমাণিত হলে শিক্ষার্থীর আবেদনটি বাতিল বলে বিবেচিত হবে।
- ৭। ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা বাবদ ফিসঃ ৩০০/- (তিনশত টাকা) মাত্র
- ৮। ভর্তির অনলাইন ফরম জমার স্থানঃ ভর্তি কমিটির কক্ষে (প্রশাসনিক ভবনে)।
- ৯। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স/মাস্টার্স ১ম পর্ব/ প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নম্বর ফর্দের ফটোকপি, অনার্স/মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা পাশের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, সংশ্লিষ্ট কলেজের প্রশংসাপত্রের ফটোকপি, অনলাইন হতে গৃহীত অঙ্গীকার নামার মূল কপি এবং অনলাইনে ফি পরিশোধের মূল পে-স্লিপ জমা দিতে হবে।

ভর্তি সংক্রান্ত সকল তথ্য কলেজের ওয়েব সাইট [www.blcollege.edu.bd](http://www.blcollege.edu.bd) তে পাওয়া যাবে।

*[Signature]*  
২২.০২.২০২৪

*[Signature]*  
১১.২.২০২৪  
(প্রফেসর শরীফ আতিকুল্লাহমান)  
অধ্যক্ষ  
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা  
*[Signature]*  
১১.২.২৪